

পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং - ০৭/২০১৮

তারিখ: ১৩ পৌষ, ১৪২৫
২৭ ডিসেম্বর, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী ব্যাংক ও তার সাবসিডিয়ারিসমূহ


প্রিয় মহোদয়,

মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এর মাধ্যমে লেনদেন পরিচালনা সাময়িকভাবে বন্ধকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশে কার্যরত সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে ২৮ ডিসেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৫.০০ টা হতে ৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে সকল ধরনের লেনদেন পরিচালনা সম্পূর্ণভাবে বন্ধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। তবে ব্যক্তিগত একাউন্ট হতে দিনে সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা লেনদেনের সুযোগ রেখে ২৯ ডিসেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা হতে ৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সীমিত আকারে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস চালু রাখা যেতে পারে।

এমতাবস্থায়, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী ব্যাংক/সাবসিডিয়ারিসমূহকে এই বিষয়ে অবিলম্বে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ এবং বিষয়টি সম্পর্কে গ্রাহক তথা সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

(লীলা রশিদ)



মহাব্যবস্থাপক

ফোন: ০২-৯৫৩০১৭৪

ই-মেইল: lila.rashid@bb.org.bd